# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 19-06 2026** **Time: 1.40 PM**

বিধানসভা অধিবেশনের দ্বিতীয় দিনে আজ অধ্যক্ষ রথীন্দ্র বসু সদ্য প্রয়াত বিভিন্ন ক্ষেত্রে বিশিষ্ট ব্যক্তিদের উদ্দেশ্যে শোক প্রস্তাব গ্রহন করেন। এক মিনিট নীরবতা পালনের পর বিধানসভার অধিবেশন দিনের মতো মুলতুবি হয়ে যায়। আগামী সোমবার নব গঠিত সরকার তাদের বাজেট পেশ করবে।

ooooooooooooooooo

আন্তর্জাতিক যোগ দিবসের প্রচারে গৃহীত বিভিন্ন কর্মসূচির অঙ্গ হিসেবে আজ সকালে কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জেলায় 'রান ফর যোগা' ম্যারাথন দৌড়ের আয়োজন করা হয়। এই কর্মসূচীর মূল ভাবনা- 'দৌড় সে ধ্যান'।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, কলকাত্ পুরসভার সামনে থেকে এই ম্যারাথনের সূচনা করেন। উপস্থিত ছিলেন, আয়ুষ মন্ত্রকের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী প্রতাপ রাও যাদব, পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল, ক্রীড়ামন্ত্রী ইন্দ্রনীল খাঁ প্রমুখ। মহাকরণের সামনে ম্যারাথন শেষ হয়। সেখানে যোগ চর্চা অংশ নেন মুখ্যমন্ত্রী। শহরের ১১টি স্থানে আজ এই ম্যারাথন দৌড় অনুষ্ঠিত হয়।

প্রতিমন্ত্রী প্রতাপ রাও যাদব বলেন, আজকের এই ম্যারাথন দৌড়ে কলকাতার মানুষ যেভাবে উৎসাহ এবং সদর্থক ভাবনা নিয়ে অংশ নিয়েছেন, তা' অনুপ্রেরণা যোগাবে।

( বাইট- প্রতাপ রাও/ কলকাতা)

তিনি বলেন, যোগাভ্যাস শুধুমাত্র শরীর নয়, মনকেও সুস্থ রাখে।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, রেড রোডে যোগদিবসের মূল অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

নরেন্দ্র মোদী উপস্থিত থাকবেন। মুখ্যমন্ত্রী জানান, রেড রোডে প্রায় ৩৫ হাজার মানুষ অংশ নিতে পারবেন। শহরের ১৪৪টি ওয়ার্ড এবং রাজ্যের সর্বত্র মানুষকে যোগ দিবসে অংশ নিয়ে নতুন রেকর্ড তৈরি করার জন্য মুখ্যমন্ত্রী আবেদন জানান।

( বাইট- শুভেন্দু/ যোগা )

ooooooooooooooooo

নতুন সরকার গঠনের পর এই প্রথমবার রাজ্যে আসছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দুদিনের সফরে হুগলির তারকেশ্বরে পশ্চিমবঙ্গ দিবসের অনুষ্ঠানে যোগ দেওয়ার পাশাপাশি রেড রোডে আন্তর্জাতিক যোগ দিবসের মূল অনুষ্ঠানে অংশ নেবেন তিনি। পাশাপাশি প্রধানমন্ত্রী কৃষি, রেল, মৎস্য, পশুপালন ও প্রতিরক্ষা ক্ষেত্রে একাধিক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন ।

আগামীকাল বিকেলে হুগলীর তারকেশ্বরে পশ্চিমবঙ্গ দিবসের অনুষ্ঠান মঞ্চ থেকে প্রায় ৫৯০ কোটি টাকার রেল প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন শ্রী মোদী। উদ্বোধন হবে হাওড়ার সাঁকরাইল-সাঁতরাগাছি লিঙ্ক লাইন প্রকল্পের। পাশাপাশি হাওড়ায় ৩০০ শয্যার নতুন রেল হাসপাতাল এবং পূর্ব মেদিনীপুরের হাউর-রাধামোহনপুরের মধ্যে রেল ওভারব্রিজের শিলান্যাসও করবেন তিনি। একই মঞ্চ থেকে ৪৯টি প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার রাস্তা প্রকল্পের উদ্বোধন হবে।

প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনার আওতায় প্রায় ৫০ লক্ষ কৃষক, ১৪ লক্ষ হেক্টর কৃষিজমি বীমার সুরক্ষা পাবেন। একই সঙ্গে ডিজিটাল অ্যাগ্রিকালচার মিশনের অংশ হিসেবে 'অ্যাগ্রি স্ট্যাক', প্রাকৃতিক চাষ সংক্রান্ত জাতীয় মিশন এবং প্রধানমন্ত্রী ধন-ধান্য কৃষি যোজনার সূচনা করবেন প্রধানমন্ত্রী। পুরুলিয়া, দার্জিলিং, আলিপুরদুয়ার ও ঝাড়গ্রাম এই প্রকল্পের আওতায় আসবে।

ওই মঞ্চ থেকে পিএম-কিষাণ প্রকল্পের আওতায় সারা দেশে ৯ কোটির বেশি কৃষকের অ্যাকাউন্টে ১৮,৮৮০ কোটি টাকা পাঠানো হবে। তার মধ্যে পশ্চিমবঙ্গের ৪৫ লক্ষেরও বেশি কৃষকের অ্যাকাউন্টে পৌঁছবে ৯০০ কোটির অধীক টাকা।

দক্ষিণ ২৪ পরগনার ফ্রেজারগঞ্জে আধুনিক মৎস্যবন্দর, বীরভূমের সাঁইথিয়ায় আধুনিক মাছ বাজার এবং নদিয়ার হরিণঘাটায় পূর্ব ভারতের প্রথম ছাগলের বীর্য উৎপাদন গবেষণাগার ও সিমেন ব্যাঙ্ক চালু হবে তাঁর হাত ধরে।

২১ জুন সকালে কলকাতার রেড রোডে দ্বাদশ আন্তর্জাতিক যোগ দিবসের জাতীয় অনুষ্ঠানে নেতৃত্ব দেবেন শ্রী মোদী। এ বছর দিনটি পালনের মূল ভাবনা 'ইয়োগা ফর হেলদি এজিং' বা সুস্থ বার্ধক্যের জন্য যোগ।

এরপর শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় বন্দরে ভারতীয় নৌসেনার তিনটি স্বদেশে নির্মিত যুদ্ধজাহাজ— আইএনএস দুনাগিরি, আইএনএস সংশোধক এবং আইএনএস অগ্রয়— দেশের উদ্দেশে উৎসর্গ করবেন প্রধানমন্ত্রী। কলকাতার গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্সে তৈরি এই যুদ্ধ জাহাজগুলির ৭৫ শতাংশের বেশি উপাদান দেশীয় এবং নির্মাণে ২০০-রও বেশি ক্ষুদ্র ও মাঝারি শিল্প সংস্থা যুক্ত ছিল।

০০০০০০০০০০০০০০০০০

আন্তর্জাতিক যোগ দিবসে রাজ্য সরকারি কর্মচারীদের অংশগ্রহণ বাধ্যতামূলক নয় বলে, রাজ্য সরকার কলকাতা হাইকোর্টে জানিয়েছে। বিচারপতি অমৃতা সিনহার বেঞ্চে আজ এসংক্রান্ত মামলার শুনানিতে রাজ্যের অতিরিক্ত অ্যাডভোকেট জেনারেল বিল্বদল ভট্টাচার্য জানান, গতকালই রাজ্যের পক্ষ থেকে লিখিতভাবে একটি চিঠিতে আদালতকে জানানো হয়েছে, ২১শে জুন যোগ দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ, রাজ্য সরকারি কর্মচারীদের জন্য বাধ্যতামূলক নয়। কেউ চাইলে অংশগ্রহণ নাও করতে পারেন। সেক্ষেত্রে তাঁদের বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যাবস্থা নেওয়া হবে না। এরপরই মামলার নিস্পত্তি করে দেন বিচারপতি।

০০০০০০০০০০০০০০০০০

বিচারপতি তপব্রত চক্রবর্তী কলকাতা হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি হিসেবে নিযুক্ত হয়েছেন। কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রক আজ এই নিয়োগের কথা

ঘোষণা করেছেন। সংবিধানের ২২৩ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি এই নিয়োগে সম্মতি দিয়েছেন।

উল্লেখ্য, আজই কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির পদ থেকে অবসর নিচ্ছেন সুজয় পাল।

ooooooooooooooooo

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর ঘোষণা মতো আলিপুরদুয়ার, দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট এবং পশ্চিম বর্ধমানের আসানসোলে নতুন মেডিকেল কলেজ তৈরির প্রস্তুতি শুরু করেছে রাজ্য সরকার। নতুন তিনটি মেডিকেল কলেজের প্রত্যেকটিতে এমবিবিএস-এ ১০০ টি করে আসন থাকবে।

নতুন মেডিকেল কলেজ তৈরির জন্য জমির ব্যবস্থা করতে তিন জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকদের প্রস্তাব দিয়েছে ওয়েস্ট বেঙ্গল মেডিকেল সার্ভিস কর্পোরেশন লিমিটেড। মেডিকেল কলেজ তৈরির জন্য সংশ্লিষ্ট এলাকার কোনো হাসপাতাল ক্যাম্পাসে পর্যাপ্ত জমি রয়েছে কিনা জানাতে হবে স্বাস্থ্য দপ্তরকে। সেখানে পর্যাপ্ত জমি না থাকলে সংশ্লিষ্ট হাসপাতাল থেকে ১০ কিলোমিটারের মধ্যে অন্তত ২০ একর জমির ব্যবস্থা করতে হবে জেলা প্রশাসনকে। ন্যাশনাল মেডিকেল কাউন্সিলের গাইডলাইন অনুযায়ী এই মেডিকেল কলেজগুলির পরিকাঠামো তৈরি করতে হবে বলে স্বাস্থ্য দপ্তর জানিয়েছে।

ooooooooooooooooooo

আলিপুরদুয়ারের হাসিমারায় ভার্নোবাড়ি চা বাগানের নর্দমায় তলিয়ে যাওয়া শিশুকন্যার মৃতদেহ উদ্ধার করেছে জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর জওয়ানরা।

আজ সকালে নর্দমার জলে তলিয়ে যায় চার বছরের ওই শিশুকন্যা। পাঁচ ঘণ্টা পর ঘটনাস্থল থেকে প্রায় তিন কিলোমিটার দূরে সাতালি চা বাগানের নর্দমা থেকে উদ্ধার হয় তাঁর দেহ। স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করে।

এলাকায় নর্দমা ও নিকাশি নালার উপর অবৈধ নির্মানের ফলে এইরকম দুর্ঘটনা প্রায়শই ঘটে বলে অভিযোগ করে স্থানীয় মানুষরা বিক্ষোভে রাস্তায় নামে।

oooooooooooooooooooo

উত্তর ২৪ পরগণার হিঙ্গালগঞ্জে, ত্রাণ সামগ্রী পাচারের অভিযোগ উঠেছে, প্রাক্তন তৃণমূল কংগ্রেস বিধায়ক দেবেশ মন্ডলের বিরুদ্ধে।

স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, গতরাতে প্রচণ্ড বৃষ্টি ও দুর্যোগের মধ্যে সরকারি ত্রিপল ও ত্রাণ সামগ্রী ট্রাকে করে পাচারের চেষ্টা করছিলেন তিনি। গ্রামবাসীরা ট্রাক দুটি আটকে বিক্ষোভ দেখান। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ।

যদিও প্রাক্তন বিধায়কের দাবী, সরকারি ত্রিপল ও ত্রাণ সামগ্রী মহকুমা শাসকের দপ্তরে ফেরত পাঠাচ্ছিলেন তিনি।

oooooooooooooooooooo

উত্তর ২৪ পরগণার কাঁচরাপাড়ার হারনেট ইংলিশ মিডিয়াম হাইস্কুল থেকে ফের টাকা উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। এর আগে গত ১০ই জুন এই স্কুলের একটি ঘর থেকে উদ্ধার হয় এক কোটি ৭৭ লক্ষ টাকা। এই ঘটনায় স্কুলের দুই অ্যাকাউন্টেন্ট অভীক নাগ এবং সায়ন পালকে বীজপুর থানার পুলিশ গ্রেপ্তার করে। তাদেরকে জিজ্ঞাসাবাদ করেই পুলিশ গতরাতে তল্লাশি চালিয়ে উদ্ধার করে ৮ লক্ষ টাকা।

oooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগণার ফলতায় থানায় হামলার পরিকল্পনা, ভাঙচুর, বেআইনি জমায়েত ও পুলিশকে আক্রমণের ঘটনায় আরও ১০ জনকে গ্রেফতার করা হয়েছে। এই নিয়ে এই ঘটনায় গ্রেপ্তারের সংখ্যা বেড়ে হল ২৬। তবে জাহাঙ্গির খানের স্ত্রী, অন্যতম অভিযুক্ত রেজিনা বিবি এখনও অধরা। ধৃতদের আজ ডায়মন্ড হারবার মহকুমা আদালতে তোলা হবে।

oooooooooooooooooooo

কলকাতা সহ দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় আজ সকাল থেকে টানা বৃষ্টিতে অস্বস্তিকর গরম থেকে রেহাই মিললেও জনজীবন কিছুটা বিপর্যস্ত। বেশ কিছু জায়গা থেকে জল জমার খবর পাওয়া গেছে। আলিপুরে আজ সকাল সাড়ে ৮ টা থেকে তিন ঘন্টায় ৪৩ দশমিক ছয় মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। আদি গঙ্গা থেকে সংযুক্ত একটি পাইপ ভেঙে আলিপুর চিড়িয়াখানার বিস্তীর্ণ অংশ জলমগ্ন হয়ে পড়ে। পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল চিড়িয়াখানার জমা জল দ্রুত নিষ্কাশনের জন্য আধিকারিকদের নির্দেশ দেন।

এদিকে, সক্রিয় দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ুর কারণে আজ সারাদিনই রাজ্যের বেশিরভাগ জেলাতেই বৃষ্টির পূর্বাভাস। উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত ৫ জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে। দার্জিলিঙে গত ২৪ ঘন্টায় ১২৩ মিলিমিটারের বেশি বৃষ্টি রেকর্ড করা হয়েছে।

অন্যদিকে, দক্ষিণবঙ্গের ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, বীরভূম ও মুর্শিদাবাদ জেলায় দমকা বাতাস ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির কমলা সর্তকতা রয়েছে।

oooooooooooooooooooo

একটানা ভারী বৃষ্টিতে উত্তরবঙ্গের জনজীবন বিপর্যস্ত। আজ সকালে বালাসন নদীর জলস্তর হঠাৎ বেড়ে যাওয়ায় দুধিয়ায় নবনির্মিত অস্থায়ী হিউম পাইপের সেতুটি ভেসে যায়। এর ফলে দুধিয়া হয়ে শিলিগুড়ি ও মিরিকের মধ্যে যান চলাচল সম্পূর্ণ বন্ধ। একাধিক জায়গায় ধ্বস নামার খবর মিলেছে। গতরাত থেকে প্রবল বৃষ্টির ফলে বন্যা পরিস্থিতির আশঙ্কা করছেন ডুয়ার্সের মানুষজন।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo